নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৩৯.১৮.০১৪.১৫-১৮৩

তারিখ: ১৪ পৌষ ১৪৩২ / ২৯ ডিসেম্বর ২০২৫

# নির্বাহী আদেশ

আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট একইসাথে অনুষ্ঠিত হইবে। অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষ পরিবেশে উক্ত নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশন ইতোমধ্যে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিয়াছেন। নির্বাচন কমিশনের এই দায়িত্ব সুচারুরূপে সম্পাদনের জন্য সরকারি অফিস ও সংস্থাসমূহ সকল প্রকার সহযোগিতা করিতে আইনত বাধ্য। এই নির্বাচন অনুষ্ঠানে সরকারি সাহায্য-সহযোগিতার পাশাপাশি স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নিকট হইতেও প্রয়োজনীয় সাহায্য সহযোগিতা অত্যাবশ্যক।

২। নির্বাচনের সময় নির্বাচনি এলাকার সর্বত্র শান্তি-শৃঙ্খলা রক্ষা করা সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের পূর্বশর্ত। শান্তি-শৃঙ্খলা রক্ষা করিবার দায়িত্ব মূলত সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী সংস্থা/কর্তৃপক্ষের উপর অর্পিত থাকিলেও এই ব্যাপারে স্থানীয় জনসাধারণ এবং নেতৃবৃন্দের সাহায্য ও সহযোগিতা একান্ত প্রয়োজন। শান্তি-শৃঙ্খলা রক্ষার এই তাৎপর্যপূর্ণ ভূমিকা পালনের ক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসাবে সিটি কর্পোরেশন/জেলা পরিষদ/উপজেলা পরিষদ/পৌরসভা/ ইউনিয়ন পরিষদসমূহের দায়িত্ব বিশেষ গুরুত্বপূর্ণ।

৩। উল্লিখিত প্রেক্ষাপটে দেশের সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ জাতীয় সংসদের উল্লিখিত নির্বাচনকে সুষ্ঠু, নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নোক্ত দায়িত্ব পালন করিবে:

**(১) স্ব স্ব এলাকায় আইন-শৃংখলা রক্ষার্থে আইন-প্রয়োগকারী সংস্থাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান;**

**(২) নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে নির্বাচন কমিশন সময়ে সময়ে যে সব আদেশ/নির্দেশ জারি করিয়াছেন কিংবা করিবেন তাহা প্রতিপালন;**

**(৩) নির্ধারিত সময়ে নির্বাচনি মিছিল, সভা ও প্রচারণা যাহাতে অবাধ, শান্তিপূর্ণ ও বিধি অনুযায়ী হয় সেই দিকে লক্ষ্য রাখা;**

**(৪) কোন নির্বাচনি অফিস বা প্রতীক নষ্ট করিবার যে কোন প্রচেষ্টারোধে সামাজিক প্রতিরোধ গঠনে সহায়তা করা;**

**(৫) ইউনিয়ন পরিষদ, পৌরসভা, জেলা পরিষদ কিংবা উপজেলা পরিষদে এমন কোন উন্নয়ন স্কীম গ্রহণ ও বাস্তবায়ন করিবে না যাহা জাতীয় সংসদ নির্বাচনে কোন প্রার্থীর ভোট প্রাপ্তিতে বা প্রচারণার পক্ষে ব্যবহৃত হইতে পারে;**

**(৬) ইউনিয়ন পরিষদ, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ কিংবা সিটি কর্পোরেশনে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অনুদান বা অনুদানের প্রতিশ্রুতি দিতে পারিবে না যাহা কোন প্রার্থীর ভোট প্রাপ্তি বা প্রচারণার কাজে প্রভাব বিস্তার করিবে;**

**(৭) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কোন অফিস, যানবাহন এবং অন্যান্য সম্পত্তি কোন প্রার্থীর নির্বাচন বা প্রচারণার কাজে কোনভাবেই ব্যবহার করা যাইবে না। মাশুল পরিশোধ করিয়াও ব্যক্তিগত কাজে কোন যানবাহন ব্যবহার করার অনুমতি দেওয়া যাইবে না;**

**(৮) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণ কোন প্রার্থীর নির্বাচনি কাজে বা প্রচারণায় অংশগ্রহণ করিতে পারিবে না;**

**(৯) ভোটকেন্দ্র নির্মাণসহ নির্বাচনি সংশ্লিষ্ট অন্যান্য সকল কাজে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহায়তা প্রয়োজন হইলে স্থানীয় সরকার প্রতিষ্ঠান উহা প্রদান করিবে;**

**(১০) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচিত প্রতিনিধিগণ তাহাদের পদমর্যাদা, সরকারি সুযোগ সুবিধা ইত্যাদি কোন প্রার্থীর নির্বাচনি কাজে ব্যবহার করিতে পারিবেন না।**

৪। উল্লিখিত স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এই আদেশে বর্ণিত দায়িত্ব পালনে ব্যর্থ হইলে বা শৈথিল্য প্রদর্শন করিলে কিংবা অবহেলা করিলে উক্ত স্থানীয় সরকার প্রতিষ্ঠানের বিরুদ্ধে সংশ্লিষ্ট অধ্যাদেশ/আইন/বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৫। এই আদেশ জারির তারিখ হইতে নির্বাচনের পরবর্তী ১৫ দিন পর্যন্ত বলবৎ থাকিবে।

২৯/১২/২০২৫
মো: রেজাউল মাকছুদ জাহেদী
সচিব
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৩৯.১৮.০১৪.১৫-১৮৩

তারিখ: ১৪ পৌষ ১৪৩২ / ২৯ ডিসেম্বর ২০২৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. প্রশাসক/মেয়র, সিটি কর্পোরেশন (সকল);
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল);
৩. প্রশাসন/প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল);
৪. নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল);
৫. প্রশাসক/প্রধান নির্বাহী কর্মকর্তা, পৌরসভা (সকল);
৬. প্রশাসক, উপজেলা পরিষদ (সকল);
৭. প্রশাসক/চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)।

অনুলিপি সদয় অবগত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ-

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
৩. সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা;
৭. বিভাগীয় কমিশনার (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার;
৮. বিভাগীয় কমিশনার (সকল);
৯. অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ;
১০. যুগ্মসচিব (প্রশাসন/উপজেলা/নগর উন্নয়ন-১/নগর উন্নয়ন-২/ইউপি অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ;
১১. উপ মহাপুলিশ পরিদর্শক (সকল);
১২. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার;
১৩. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা (সকল);
১৪. জেলা প্রশাসক (সকল) ও রিটার্নিং অফিসার;
১৫. পুলিশ সুপার (সকল);
১৬. সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার (সকল);
১৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
১৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, থানা (সকল);
১৯. উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা (সকল)।

২৯/১২/২০২৫
মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৪০৮
ই-মেইল: councillgd@lgd.gov.bd